

এসএসসি দাখিল ও ভোকেশনাল পরীক্ষা আজ শুরু

□ স্টাফ রিপোর্টার

সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা, মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে দাখিল ও কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি (ভোকেশনাল) ও বিএম (বিজনেস ম্যানেজমেন্ট) পরীক্ষা আজ বুধবার থেকে শুরু হচ্ছে। পরীক্ষার প্রথম দিনে আজ আবশ্যিক বাংলা প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকাল ১০টা থেকে পরীক্ষা শুরু হয়ে বেলা ১টার শেষে ১১৫ কঃ ২

এসএসসি দাখিল ও ভোকেশনাল

প্রথম পত্রের পর

হবে। এবার মোট পরীক্ষার্থী ১৪ লাখ ২০ হাজার ৫৭ জন। এর মধ্যে ৮টি সাধারণ শিক্ষা বোর্ডে পরীক্ষার্থী ১০ লাখ ৫২ হাজার ৯৬৯ জন, দাখিলে ২ লাখ ৭৫ হাজার ৯০০ ও কারিগরি বোর্ডে ৯১ হাজার ১৫৮ জন। মোট পরীক্ষার্থীদের মধ্যে ছাত্র ৭ লাখ ৩৫ হাজার ২২৯ ও ছাত্রী ৬ লাখ ৮৪ হাজার ৮২৮ জন। এবার মোট কেন্দ্র সংখ্যা ২ হাজার ৪৬৪ ও প্রতিষ্ঠানের সংখ্যা ২৬ হাজার ৮৫৫টি। গত বছর পরীক্ষার্থীর সংখ্যা হওয়া ১৩ লাখ ১৫ হাজার ২ জন। এবার পরীক্ষার্থী বেড়েছে ১ লাখ ৫ হাজার ৫৫ জন। পরীক্ষা সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে যেন অনুষ্ঠিত হয় সেজন্য সকল শিক্ষা বোর্ডের নিয়ন্ত্রক কক্ষ সরাসরের সব কেন্দ্রগুলোর সঙ্গে অনলাইনের মাধ্যমে যোগাযোগ করবে। এবার ২১টি বিষয়ে সূজনশীল প্রশ্নপত্র এসএসসি, দাখিল ও এসএসসি (ভোকেশনাল ও বিএম) পরীক্ষা হতে যাচ্ছে।

গত বুধবার সচিবালয়ের অনুষ্ঠিতব্য এসএসসি, দাখিল ও এসএসসি (ভোকেশনাল ও বিএম) পরীক্ষা নিয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, এবার পরীক্ষার্থী সংখ্যা বৃদ্ধির সঙ্গে কেন্দ্র ও বিদ্যালয়ের সংখ্যা বেড়েছে। বিজ্ঞানে ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। প্রথমবারের মতো এবার আটটি সাধারণ শিক্ষা বোর্ডে ছাত্রদের থেকে ছাত্রী সংখ্যাও বেশি।

এছাড়া ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে জেলা, রিয়ার, আবুধাবি, দুবাই, দোহা-কতারা, বাহরাইন ও ম্রিপসি কেন্দ্রে একযোগে পরীক্ষা হবে। বিদেশের

কেন্দ্রগুলোতে পরীক্ষার্থীর সংখ্যা ২৭৪ জন। এর মধ্যে ছাত্র ১২৫ ও ছাত্রী ১৪৯ জন। প্রতিবছর পরীক্ষার্থীদের সময় পত বছরের চেয়ে আরো ৫ মিনিট বাড়িয়ে ২০ মিনিট করা হয়েছে।

আজ থেকে এসএসসি পরীক্ষা শুরু হয়ে চলবে ৪ মার্চ পর্যন্ত এবং ৬ মার্চ থেকে ব্যবহারিক পরীক্ষা শুরু হয়ে ৮ মার্চ তা শেষ হবে। শিক্ষামন্ত্রী জানান, এবারও ৬০ দিনের মধ্যে ফলাফল প্রকাশ করা হবে।